

হাই স্কুলে ভর্তি বা অ্যাডমিশন সংক্রান্ত বিস্তারিত তথ্য ও সময়সূচী

প্রিয় পরিবারবর্গ,

আমরা আশা করছি আপনার সন্তানের অষ্টম গ্রেডের বছরটি চমৎকারভাবে শুরু হয়েছে!

এই ফল-এ (হেমস্তে), আপনার সন্তান হাই স্কুলে ভর্তির আবেদন করবে। অক্টোবরের প্রথমভাগে, আপনার সন্তান তার স্কুল থেকে একটি **ভর্তি বা অ্যাডমিশন সংক্রান্ত স্বাগত চিঠি** বাড়ি নিয়ে আসবে; একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট কীভাবে তৈরি করতে হয় (যদি আপনার একটি না থেকে থাকে) তা সহ, ভর্তিতে কীভাবে অংশগ্রহণ করতে হয় সেবিষয়ে এই চিঠিতে বিস্তারিত তথ্য অন্তর্ভুক্ত হবে।

হাই স্কুল ভর্তির তিনটি পথ প্রক্রিয়া আছে:

- একটি **হাই স্কুল আবেদনপত্র জমা দিন**।
 - আবেদন গ্রহণ **12 অক্টোবর** শুরু হবে এবং **1 ডিসেম্বর** 11:59pm শেষ হবে।
 - আপনি এই আবেদনপত্রের মাধ্যমে 12-টি হাই স্কুল প্রোগ্রামে আবেদন করতে পারবেন।
- **ঐচ্ছিক: লাগোয়ার্ডিয়া হাই স্কুলে আবেদন করুন**।
 - আবেদন গ্রহণ **12 অক্টোবর** শুরু হবে এবং **1 ডিসেম্বর** 11:59pm শেষ হবে।
 - এই স্কুলের অডিশন ভার্যুয়ালভাবে আয়োজিত হবে। অডিশনের শর্তাবলী সম্পর্কে আরো জানতে schools.nyc.gov/HSAuditions দেখুন।
- **ঐচ্ছিক: ভর্তির জন্য পরীক্ষা গ্রহণকারী আটটি স্পেশালাইজড হাই স্কুলে আবেদন করুন**।
 - স্পেশালাইজড হাই স্কুল অ্যাডমিশন টেস্ট (SHSAT)-এর জন্য রেজিস্ট্রেশন শুরু হবে **6 অক্টোবর** এবং শেষ হবে **4 নভেম্বর**, রাত 11:59 pm।
 - অধিকাংশ DOE অষ্টম গ্রেডের শিক্ষার্থীদের জন্য SHSAT পরীক্ষা অনুষ্ঠিত হবে 17 নভেম্বর, তাদের স্কুলে, স্কুল দিবস চলাকালে। নবম গ্রেডের শিক্ষার্থীরা এবং নন-DOE স্কুলগুলোর (চার্টার, প্রাইভেট, ও প্যারোকিয়াল বা ধর্মীয় স্কুলসমূহ) অষ্টম গ্রেডের শিক্ষার্থীরা একটি সপ্তাহান্ত বা উইকেন্ড তারিখে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষা দেবে। আপনার নিশ্চিতকৃত তারিখ আপনার SHSAT টিকেটে লেখা থাকবে।

এই মুহূর্তে, আপনি যা করতে পারেন...

- পাবলিক [MySchools.nyc high school directory](https://myschools.nyc.gov/high-school-directory)-তে আপনার হাই স্কুল অপশন বা বিকল্পগুলো অন্বেষণ শুরু করতে পারেন।
- **11, 13, অথবা 18 অক্টোবর** হাই স্কুল অ্যাডমিশন সংক্রান্ত আমাদের ভার্যুয়াল অনুষ্ঠানগুলোর একটি অংশগ্রহণ করার পরিকল্পনা করুন। কীভাবে যোগ দিতে হবে সেবিষয়ে বিস্তারিত তথ্য ইমেইল করা হবে।
- প্রতিটি পছন্দ নিয়ে আরো পড়তে এবং আমাদের ওয়েবসাইট আমাদের ভিডিও সিরিজগুলো দেখার জন্য, আমাদের ওয়েবসাইট schools.nyc.gov/High এবং schools.nyc.gov/SHS দেখুন।

কোনো প্রশ্ন আছে কি? আপনার সন্তানের বর্তমান স্কুল কাউন্সিলারের সাথে আলাপ করুন অথবা HSEnrollment@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করুন।

আপনাকে ধন্যবাদ,

হাই স্কুল অ্যাডমিশনস্ টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp ওয়েবসাইটে, আমাদের হাই স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্ট (ডাক তালিকায়) নামে লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। হাই স্কুলে অ্যাডমিশন বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে [এখানে](#) ক্লিক করুন।